

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৭৩৩

আগরতলা, ৫ আগস্ট, ২০ ১৮

স্বেচ্ছা রক্তদানে রাজ্যে মহিলারাও  
এগিয়ে আসছেন : মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যের চিকিৎসক, নার্স ও স্বাস্থ্য কর্মীদের সেবার মানসিকতা নিয়ে কাজ করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, রোগীদের নিজের আপনজন ভেবে চিকিৎসা পরিষেবা দিতে হবে। রাজ্যে বহু হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, উপ-স্বাস্থ্য কেন্দ্র নির্মাণ করা হয়েছে। কিন্তু পর্যাপ্ত পরিমাণে চিকিৎসক, নার্স ও স্বাস্থ্য কর্মী দেওয়া হয়নি। আমার বিশ্বাস সেবার মানসিকতা থাকলে চিকিৎসা পরিষেবায় রাজ্যে বর্তমানে যে সংখ্যক চিকিৎসক, নার্স ও স্বাস্থ্য কর্মী রয়েছেন তা দিয়েই সুন্দর স্বাস্থ্য পরিষেবার কাজ চলতে পারে। মুখ্যমন্ত্রী শ্রীদেব আজ কলেজটিলাস্থিত শিবনগর মডার্ন ক্লাব ও আমরা তরুণ দল-এর ৬৬তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে উদ্বোধকের ভাষণে এই আহ্বান জানান।

প্রদীপ জ্বেলে এই শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ক্লাবের এই উদ্যোগকে সাধুবাদ জানান। তিনি চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের উদ্দেশ্যে বলেন, রোগীদের প্রতি সুন্দর ব্যবহার করুন। সুন্দর ব্যবহার ও ভালোবাসায় অর্ধেক রোগ সেরে যায়। এতে রোগীদের বাইরে যাওয়ার প্রবণতাও কমবে। স্বেচ্ছা রক্তদানের প্রসঙ্গে মুখ্যমন্ত্রী শ্রীদেব বলেন, রক্তদান মহৎ দান। স্বেচ্ছা রক্তদানে মহিলারা আজ এগিয়ে এসেছেন। অথচ সমাজে এক সময় মায়েরা উপেক্ষিত ছিলেন। কেবল স্বেচ্ছায় রক্তদানে নয়, ২০ ১৮-র বিধানসভা নির্বাচনে মহিলারা পুরুষদের চাইতে ৩ শতাংশ বেশি ভোটদান করেছেন। নারীরা পুরুষদের চাইতে কম নয়। তিনি বলেন, সাহসী মা-বোন যখন তৈরী হয়ে যায় তখন ঐ সমাজে নতুন উদ্যম ও স্বতঃস্ফূর্ততা ফুটে ওঠে। তাই নারী সমাজকেও রক্তদানে আরও এগিয়ে আসতে হবে।

পরিশেষে মুখ্যমন্ত্রী শ্রীদেব ডাঙ্কারদের আরও কাজের সময় বাড়ানোর পরামর্শ দেন। তিনি বলেন, দুনিয়াতে যে ব্যক্তি ১০ বা ১০০ জনের কাজ একা করেন সে ব্যক্তিকে মানুষ বেশিদিন মনে রাখেন ও শুন্দা করেন। এছাড়া বক্তব্য রাখেন ক্লাবের প্রাক্তন সভাপতি হরলাল দেব ও সদস্য দীপক কুমার কর। স্বাগত ভাষণ রাখেন ক্লাব সম্পাদক বিজয় কৃষ্ণ দেব। উদ্বোধনী সংগীত পরিবেশন করেন শিল্পী নবমিতা সাহা। শিবিরে মোট ২৮ জন ক্লাব সদস্য ও সদস্যা স্বেচ্ছায় রক্তদান করেন। এর মধ্যে ৭ জন মহিলা রয়েছেন। সভাপতিত্ব করেন ক্লাব সভাপতি নিমাই চন্দ্র কর।

\*\*\*\*\*